বর্তমান সরকারের মেয়াদে সেবা পরিদপ্তর কর্তৃক গৃহীত কর্মকান্ডের সাফল্যচিত্র

- মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষনা অনুযায়ী বেসামরিক ক্ষেত্রে নার্সিং পেশায় নিয়োজিত ডিপ্লোমাধারী নার্সদের (সিনিয়র স্টাফ নার্স, স্টাফ নার্স, পাবলিক হেলথ নার্স ও নার্স) পদমর্যাদা আর্থিক সুবিধা সহ ৩য় শ্রেণী (বেতনস্কেল ৬৪০০-৪২৫৫/-) থেকে ২য় শ্রেণী (৮০০০-১৬৫৪০/-)-তে উন্নীত করা হয়েছে;
- বিভিন্ন পর্যায়ে সরকারী স্বাস্থ্য প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন ক্যাটাগরীর ৫৬০৫টি পদ সৃজন করা হয়েছে, যেমন-
  - সেবা তত্ত্বাবধায়ক-০৯টি,
  - উপ-সেবা তত্ত্বাবধায়ক-০৭টি,
  - পাবলিক হেলথ নার্স-০৪টি,
  - নার্সিং সুপারভাইজার-৪৮টি এবং
  - সিনিয়র স্টাফ নার্স-৫৫৩৭ (৫৩৭+২৫৬+৪৭৪৪)-টি পদ;
- ২৬২৭টি শুন্য পদের মধ্যে ২০১০ সালে মোট ১৭৪৭টি পদে সিনিয়র স্টাফ নার্স নিয়োগ দেয়া হয়েছে, যার মধ্যে ৩৩ জন মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ পেয়েছেন;
- ৩৫০০ নার্সিং কর্মকর্তা-কর্মচারীকে উচ্চতর টাইমস্কেল প্রদান করা হয়েছে;
- সিনিয়র স্টাফ নার্স-এর নবসৃজিত এবং শুন্য পদ মিলিয়ে মোট ৪১০০টি পদে ২০১৩ সালের সেপ্টেম্বর-অক্টোবর মাসে ৪১০০জন নার্সকে নিয়োগ দেয়া হয়েছে;
- মেডিকেল কলেজ হাসপাতাল সংলগ্ন প্রাক্তন ০৭ (সাত)-টি নার্সিং ইনস্টিটিউট (ঢাকা, ময়মনসিংহ, চট্রগ্রাম, রাজশাহী, রংপুর, বরিশাল এবং সিলেট)-কে ৭০০ আসন বিশিষ্ট নার্সিং কলেজে উন্নীত করে ৪-বছর মেয়াদী বেসিক বিএসসি ইন-নার্সিং কোর্স চালু করা হয়েছে;
- ০৭টি নার্সিং কলেজের একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিভিন্ন শ্রেণীর ৯১০টি নার্সিং শিক্ষকপদ এবং ৭০৮টি নন-নার্সিং কর্মকর্তা-কর্মচারী পদ সৃজনের প্রস্তাব সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, যা প্রক্রিয়াধীন;
- নব প্রতিষ্ঠিত ৩৭৫ আসন বিশিষ্ট ০৩ (তিন)-টি পোস্ট বেসিক নার্সিং কলেজ- বগুড়া, ফৌজদারহাট ও খুলনায় বিভিন্ন শ্রেণীর ৯৩টি প্রথম শ্রেণীর নার্স-শিক্ষক পদ; ০৩টি নন-নার্স শিক্ষক পদসহ ৬৩টি নন-নার্স কর্মকর্তা-কর্মচারী বেবং ৫৭টি আউটসোর্সিং নন-নার্সিং পদ মিলিয়ে মোট ২১৬টি পদ সৃজন করা হয়েছে;
- নব প্রতিষ্ঠিত ০২ (দুই)-টি পোস্ট বেসিক নার্সিং কলেজ-বগুড়া এবং ফৌজদারহাটের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র, যন্ত্রপাতি, যানবাহন ও অন্যান্য সামগ্রী ক্রয় ও বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট কলেজে সৃষ্ট নার্স-শিক্ষক ও অন্যান্য নন-নার্স পদে জনবল বহালকরতঃ ২০১১-২০১২ শিক্ষাবর্ষ হতে ২-বছর মেয়াদী পোস্ট বেসিক বিএসসি ইন-নার্সিং এবং বিএসসি ইন-পাবলিক হেলথ নার্সিং কোর্স চালু করা হয়েছে;
- বর্তমানে সৃষ্ট ৫০০ আসনের মধ্যে প্রতিবছর ৩৭৫জন দেশী-বিদেশী নারী ও পুরুষ শিক্ষার্থী (কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকায়, ৫টি আসন বিদেশী শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত) ২-বছর মেয়াদী পোস্ট বেসিক বিএসসি ইন-নার্সিং এবং বিএসসি ইন-পাবলিক হেলথ নার্সিং কোর্স করার সুযোগ পাচ্ছে;
- জেলা পর্যায়ে ১২ (বার)-টি নার্সিং ইনস্টিটিউট (গোপালগঞ্জ, মাদারীপুর, চাঁদপুর, নঁওগা, নীলফামারী, পঞ্চগড়, ঝিনাইদহ, পিরোজপুর, বরগুনা, জামালপুর, হবিগঞ্জ এবং কিশোরগঞ্জ) প্রতিষ্ঠার পর এ সকল ইনস্টিডিটের জন্য ৬০ (ষাট)-টি ২য় শ্রেণীর নার্স-শিক্ষক পদ এবং ৯৬টি নন-নার্স পদ সৃজন করা হয়েছে;
- নব প্রতিষ্ঠিত ১২টি নার্সিং ইনস্টিটিউটে গত ২০১০-২০১১ শিক্ষা বর্ষ হতে ৩-বছর মেয়াদী ডিপ্লোমা- ইন-নার্সিং সাইন্স এ্যান্ড মিডওয়াইফারী কোর্স চালু করা হয়েছে;
- ৪৩টি নার্সিং ইনস্টিটিউটে সৃষ্ট আসন সংখ্যা ১৫৭০ হতে ২৫৮০-তে বৃদ্ধি করা হয়েছে;
- ৪৩টি নার্সিং ইনস্টিটিউট এবং ১১টি নার্সিং কলেজে নিম্নবর্নীত জিনিষপত্র সরবরাহ করা হয়েছে, যেমন-
  - ১০০৮টি কম্পিউটার,

- ১১৩টি ল্যাপটপ,
- ২৩টি ডিজিটাল ভিডিও ক্যামেরা,
- ১৩২টি মাল্টি মিডিয়া,
- ১৫৭টি ওএইচপি,
- ৪৪টি মাইক্রোসকোপ,
- ৬৩টি টেলিভিশন,
- ৫০টি রেফ্রিজারেটর,
- ১৫২টি মাইক্রোবাস,
- ৫০টি গাড়ী এবং
- বিভিন্ন প্রকার টিচিং এইড (মডেল, চার্ট), বই-পুস্তক এবং আসবাবপত্র।

- ২য় শ্রেণীর ১০১জন সিনিয়র নার্সিং কর্মকর্তাকে ১ম শ্রেণীর বিভিন্ন পদে (অধ্যক্ষ, সহকারী অধ্যাপক, প্রজেক্ট অফিসার, নার্সিং সুপারিনটেনডেন্ট, সহকারী পরিচালক, প্রভাষক) চলতি দায়িত্বে পদায়ন করা হয়েছে;
- সিনিয়র স্টাফ নার্স পদে কর্মরত ৭১৭জন নার্সকে ৬-মাস মেয়াদী সার্টিফাইড মিডওয়াফারী কোর্স প্রদান পূর্বক কিছু সংখ্যক মিডওয়াইফকে বিভিন্ন উপজেলা হেলথ কমপ্লেক্সে পদায়ন করা হয়েছে;
- ৪২১টি উপজেলা হেলথ কমপ্লেক্স এবং ১৩১২টি ইউনিয়ন সাব সেন্টারের জন্য ৩০০০ (তিনহাজার) মিডওয়াইফ পদ সৃষ্টির ব্যবস্থা নেয়া হয়েছে;
- দেশে অধিকতর মিডওয়াইফ তৈরীর লক্ষ্যে ২০ (কুড়ি)-টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে (১২টি নার্সিং ইনস্টিটিউট এবং ০৮টি নার্সিং কলেজ) মোট ৫২৫টি আসন সৃষ্টি করার পর এ সকল আসনে ছাত্রী ভর্তির মাধ্যমে ২০১২-২০১৩ শিক্ষা বর্ষ হতে ৩-বছর মেয়াদী ডিপ্লোমা-ইন মিডওয়াইফারী কোর্স চালু করা হয়েছে;
- ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে ৮টি নার্সিং কলেজ এবং ২০টি নার্সিং ইনস্টিটিউটে ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে;
- বিভিন্ন পদে কর্মরত নার্সিং কর্মকর্তাদের জ্ঞান, দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে ইন-সার্ভিস ট্রেনিং এবং উচ্চতর শিক্ষা গ্রহণের সুযোগ প্রদান করা হয়েছে, যেমন-
  - প্রিন্স অব সংক্লা ইউনিভার্সিটি, থাইল্যান্ড হতে ১ (এক) জন নার্সিং কর্মকর্তা পিএইচডি শেষে দেশে ফিরে নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে যোগ দিয়েছেন;
  - বর্তমানে থাইল্যান্ডে অবস্থিত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে (প্রিন্স অব সংক্লা; মাহিদুল এবং চিয়াংমাই ইউনিভার্সিটি) ০৯ (নয়)-জন নার্সিং কর্মকর্তা নার্সিং বিষয়ে পিএইচডি করছেন;
  - ২০১২ সালে থাইল্যান্ড হতে মোট ২৬ (ছাব্বিশ) জন নার্সিং কর্মকর্তা নার্সিং সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মাস্টার্স শেষ করে নার্সিং শিক্ষা এবং স্বাস্থ্য প্রতিষ্ঠানে যোগ দিয়েছেন;
  - বর্তমানে ৪৯ (উনপঞ্চাশ) জন নার্সিং কর্মকর্তা থাইল্যান্ডের বিভিন্ন ইউনিভার্সিটিতে নার্সিংয়ে মাস্টার্স করছেন;
  - বিভিন্ন দেশ (থাইল্যান্ড; মালয়শিয়া; শ্রীলংকা ও ফিলিপাইন) হতে ৫১৭ (পাঁচশত সতেরো) জন নার্স-কর্মকর্তা নিম্নে বর্ণীত স্বল্প-মেয়াদী বিশেষায়িত কোর্স শেষ করে বিভিন্ন স্তরের নার্সিং শিক্ষা এবং স্বাস্থ্য প্রতিষ্ঠানে কাজ করছেন;

    কার্ডিয়াক নার্সিং;
    ক্যাথ ল্যব নার্সিং;
    আইসিইউ;
    ন্যাফরোলোজী ও কিডনী ট্রান্সপ্লান্ট নার্সিং;
    রেসপিরেটরী নার্সিং;
    অনকোলোজি নার্সিং;
    ট্রমা এ্যান্ড ইমারজেন্সি নার্সিং;
    সাইকায়েট্রেক এ্যান্ড মেন্টাল হেলথ নার্সিং;
    অবথালমোলোজী নার্সিং;
    এ্যাডাল্ট নার্সিং;
    পিডিয়াট্রিক নার্সিং;
    ওরো-ডেন্টাল নার্সিং;

মিডওয়াইফারী;
নার্সিং কেয়ার প্রভিশন;
হাসপাতাল ম্যানেজমেন্ট এবং পলিসি ফরমুলেশন;

- সরকারী প্রতিষ্ঠানে কর্মরত ৭০০ নার্সিং কর্মকর্তাকে স্থানীয়ভাবে নিম্ন বর্ণীত বিষয়ে স্বল্প-মেয়াদী প্রশিক্ষণ প্রদান করা হয়েছে-
    - এভিডেন্সবেজড় নার্সিং
    - কার্ডিয়াক নার্সিং
    - ন্যাফরোলোজী ও কিডনী ট্রান্সপ্লান্ট নার্সিং;
    - ক্যাথ ল্যব নার্সিং;
    - ট্রমা এ্যান্ড ইমারজেন্সি নার্সিং
    - অনকোলোজি নার্সিং;
- সরকারী প্রতিষ্ঠানে কর্মরত ১৭১জন সহকারী নার্সকে সিনিয়র স্টাফ নার্স পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।